গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ
গোবিন্দগঞ্জ গাইবান্ধা।

## গাইবান্ধা জেলার গোবিন্দগঞ্জ উপজেলা পরিষদের সাধারণ সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | সৈয়দা ইয়াসমিন সুলতানা, উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক,উপজেলা পরিষদ, গোবিন্দগঞ্জ,গাইবান্ধা। |
| স্থান | : | উপজেলা পরিষদ সভাকক্ষ। |
| তারিখ ও সময় | : | ০৮/০৫/২০২৫, সময়: সকাল ১১.৩০ ঘটিকা। |

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা : হাজিরা রেজিস্টারে লিপিবদ্ধ রয়েছে।

সভার প্রারম্ভে উপস্থিত সকলকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর বিভিন্ন বিভাগের কার্যক্রম উপস্থাপন করা হয়। সভায় বিস্তারিত আলোচনা ও পর্যালোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রমিক | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১ | গতসভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন | সভায় গত ১৩/০৩/২০২৫ তারিখ অনুষ্ঠিত সভার কার্য বিবরণী পাঠ করা হয়। কোন সংশোধন আছে কিনা এ বিষয়ে আলোচনা হয়। আলোচনায় কোন সংশোধনী না থাকায় তা অনুমোদনের জন্য সদস্যগণ মতামত ব্যক্ত করেন। | কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা অনুমোদন করা হয়। | সকল দপ্তর |
| ০২ | স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর | ০১। ২০২৪-২০২৫ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) এর ১০ টি প্যাকেজের কাজ প্রায় শেষ পর্যায়ে।<br>০২। ২০২৪-২০২৫ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি (উন্নয়ন সহায়তা) এর আওতায় স্মারক নং-৪৬.০০০০.০৩৫.২০.০০২.২৪-৬৮১ তাং-০৮/০৫/২০২৫ ইং মোতাবেক অত্র দপ্তরে পুরাতন বিল্ডিং হল মেরামত, অভ্যন্তরীণ রাস্তা আরসিসি করন,কৃষি জোড়াবাড়ী মেরামত,টিনশেড কোর্য়াটার মেরামত বাবদ ৪০ লক্ষ টাকা বরাদ্দ পাওয়া যায় এবং ০৪টি প্যাকেজ করা হয়। যাহা ইজিপিতে এলটিএম পদ্ধতিতে দরপত্র আহবান হয়। আগামী ২৬/০৫/২০২৫ ইং তারিখে দরপত্র খোলা হবে।<br>০৩। ইডিসি প্রকল্পের কাজ চলমান। কাজের অগ্রগতি সন্তোষজনক।<br>০৪। অফিসের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | দরপত্র খোলার পর বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার ও প্রশাসক, উপজেলা পরিষদ এবং উপজেলা প্রকৌশলী, এলজিইডি |
| ০৩ | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয় | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা জানান যে, বিভিন্ন প্রকল্পের কাজসহ অফিসের কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান আছে। আলোচনান্তে এধারা অব্যাহত রাখার জন্য সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার দৃষ্টি আকর্ষণ করা হয়। | চলমান সকল কর্মসূচি ও প্রকল্প যথানিয়মে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয় | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা |
| ০৪ | উপজেলা প্রাণি সম্পদ অফিস | উপজেলা প্রাণি সম্পদ অফিসার জানান যে, অফিসের কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান আছে। প্রান্তিক খামারি থেকে শুরু করে গবাদি পশু ও হাঁস-মুরগির চিকিৎসা প্রদানের বিষয়ে খামারীকে পরামর্শ প্রদান অব্যাহত আছে। | পরামর্শ কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণি সম্পদ অফিসার |
| ০৫ | উপজেলা শিক্ষা অফিস | উপজেলা শিক্ষা অফিসার জানান যে,অফিসের কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান আছে। নিয়মিত শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন ও মনিটরিং করা হচ্ছে। আলোচনান্তে এধারা অব্যাহত রাখার জন্য উপজেলা শিক্ষা অফিসারের দৃষ্টি আকর্ষণ করা হয়। | পরামর্শ কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা শিক্ষা অফিসার |
| ০৬ | উপজেলা মহিলা বিষয়ক অফিস | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার পক্ষে সভায় জানান যে, (১) ভিডব্লিউবি কর্মসূচি: ভিডব্লিউবি কর্মসূচির আওতায় ২০২৩-২০২৪ ভিডব্লিউবি চক্রের মেয়াদ ৩১ ডিসেম্বর ২০২৪ শেষ হয়েছে। ২০২৫-২০২৬ চক্রে নতুন উপকারভোগী নির্বাচন প্রক্রিয়া এখনও শুরু হয়নি । তবে অল্প কিছুদিনের মধ্যে শুরু হবে। (২) মা ও শিশু সহায়তা তহবিল: মা ও শিশু সহায়তা তহবিল কর্মসূচির আওতায় ২০২৪-২০২৫ অর্থ বছরে অত্র উপজেলায় ১৭টি ইউনিয়ন ও পৌরসভায় বরাদ্দ অনুযায়ী ফেব্রুয়ারি ২০২৫ মাসে ভাতাভোগী নির্বাচন করা হয়েছে। (৩) কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্প: কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পের আওতায় অত্র উপজেলায় ১৮টি ক্লাবে কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। (৪) বাল্য বিবাহ এবং নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ: বাল্য বিবাহ এবং নারী ও শিশু নির্যাতন প্রতিরোধে সচেতনতামূলক আলোচনা সভা অব্যাহত রয়েছে। এছাড়া প্রতিমাসে উপজেলা বাল্য বিবাহ নিরোধ কমিটি এবং নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ কমিটির সভা অনুষ্ঠিত হয়। (৫) ক্ষুদ্র ঋণ কার্যক্রম: মহিলাদের আত্মকর্মসংস্থানের জন্য ক্ষুদ্র ঋণ কার্যক্রমের আওতায় আদায় কার্যক্রম চলমান রয়েছে। অফিসের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | চলমান সকল কর্মসূচি ও প্রকল্প যথানিয়মে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয় | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |
| ০৭ | উপজেলা যুব উন্নয়ন অফিস | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান যে, গোবিন্দগঞ্জ, গাইবান্ধা মার্চ ২০২৫ মাসের বিষ্ণুবাড়ী বিমুখী উচ্চ বিদ্যালয়ে ৩০ জন পুরুষ ও নারীকে গাভী পালন বিষয় প্রশিক্ষণ প্রদান করা হয়। অত্র কার্যালয়ে ঋণ আদায় ও অন্যান্য কার্যক্রম বিধি মোতাবেক চলমান আছে। | ঋণ আদায়সহ অফিসের কার্যক্রম যথানিয়মে সম্পন্নের সিদ্ধান্ত গৃহীত হয় | উপজেলা যুব উন্নয়ন অফিসার |
| ০৮ | উপজেলা পরিসংখ্যান অফিস | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা জানান যে, অফিসের কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান আছে। মার্চ ২০২৫ মাসে কৃষি রিপোর্টসহ অন্যান্য রিপোর্ট জেলা পরিসংখ্যান অফিসে প্রেরণ করা হয়েছে। অফিসের অন্যান্য কার্যক্রম বিধি মোতাবেক চলমান আছে। | অফিসের এধারা অব্যাহত রাখার অনুরোধ করা হয়। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা |

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০৯ | সহকারী প্রকৌশলী (বিএমডিএ) গোবিন্দগঞ্জ জোন | সহকারী প্রকৌশলী (বিএমডিএ) সভায় জানান যে, ১০৩টি সেচ যন্ত্র চালু রয়েছে এবং ২৪৩০ হেক্টর জমিতে বোরো ধানে সেচ প্রদান করা হচ্ছে। আলোচনান্তে সেচ কার্যক্রম সুষ্ঠুভাবে যাতে সম্পন্ন হয় সেদিকে সজাগ দৃষ্টি রাখার জন্য আহবান করা হয়। | সেচকার্যক্রম প্রতি সজাগ দৃষ্টি রাখার সহকারী প্রকৌশল কে অনুরোধ করা হয়। | সহকারী প্রকৌশলী (বিএমডিএ) |
| ১০ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা/টিআর) ও গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) ১ম ও ২য় পর্যায়ের আওতায় প্রাপ্ত বরাদ্দে প্রকল্প গ্রহণ ও অনুমোদন বাস্তবায়ন করা হয়। জেলা প্রশাসক মহোদয় কর্তৃক তালিকা অনুমোদন পাওয়া গেছে। ১ম কিস্তিতে অর্থ ও খাদ্যশস্য ছাড় করা হচ্ছে। আলোচনায় সকল কর্মসূচি সুষ্ঠুভাবে সম্পন্নের জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার দৃষ্টি আকর্ষণ করা হয়। | সকল কর্মসূচি সুষ্ঠুভাবে সম্পন্নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |
| ১১ | বিবিধ-২ | উপজেলা স্বাস্থ্য ও প.প. অফিস, উপজেলা কৃষি অফিস, উপজেলা সমাজসেবা অফিস, সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য অফিস, উপজেলা পল্লী উন্নয়ন অফিস, [illegible] সমন্বিত [illegible] কেন্দ্র, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস, উপজেলা খাদ্য নিয়ন্ত্রক অফিস, পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন, সহকারী প্রকৌশলী বিএডিসি (সেচ), উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তার অফিস, উপজেলা পরিবার পরিকল্পনা অফিস, অফিসার্স ইন চার্জ, সহকারী সেটেলমেন্ট অফিস, ইউডিএফ, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অফিস প্রধানগণ সভায় জানান তাদের অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে। | সকল অফিস প্রধানগণকে আগামী সভায় কার্যপত্র উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল |

অন্য কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

০৮/০৫/২০২৫
সৈয়দা ইয়াসমিন সুলতানা
উপজেলা নির্বাহী অফিসার
ও
উপজেলা প্রশাসক
গোবিন্দগঞ্জ, গাইবান্ধা।

স্মারক নং ০৫.৫৫.৩২৩০.০০০.০০০.০২.০০০১.২৪.৯৪৩(৫০)

তারিখ: ২৫ বৈশাখ ১৪৩২
০৮ মে ২০২৫

অনুলিপি সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ,বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
০৪। জেলা প্রশাসক ,গাইবান্ধা ।
০৫। উপজেলা ............................................................ অফিসার, গোবিন্দগঞ্জ, গাইবান্ধা ।
০৬। চেয়ারম্যান,............................................................ ইউপি (সকল), গোবিন্দগঞ্জ, গাইবান্ধা ।

০৮/০৫/২০২৫
সৈয়দা ইয়াসমিন সুলতানা
উপজেলা নির্বাহী অফিসার
গোবিন্দগঞ্জ,গাইবান্ধা